# শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রতিবেদন

প্রশিক্ষণের বিষয়ঃ পারিবারিক শুদ্ধাচার বিশেষ করে বাবা-মা'র সাথে আচরণ সম্পর্কিত প্রশিক্ষণ।

সময়ঃ সকাল ৯.৩০ ঘটিকা হতে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত (০৪ ঘন্টা ব্যাপী)

তারিখঃ ১৯/০৫/২০২২খ্রি:

**প্রশিক্ষণের সারাংশ:**

(ক) **সংশ্লিষ্ট বিষয়ের অন্তর্ভুক্ত অংশঃ** সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আওতায় অত্র প্রশিক্ষণটি অনুষ্ঠিত হচ্ছে বলে প্রশিক্ষণার্থীদের জানান। তিনি প্রত্যেক ব্যক্তিকে অবশ্যই পালনীয় ১৫ (পনের) টি বিশেষ শুদ্ধাচার সম্পর্কে আলোচনা করেন যা মানুষের পার্থিব এবং পারলৌকিক উভয় ক্ষেত্রে বিশেষ কাজে লাগবে বলে উল্লেখ করেন। এই ১৫টি শুদ্ধাচারের মধ্যে অন্যতম হচ্ছেঃ অফিস হতে ফিরে মা-বাবা'র সাথে দেখা করা, সালাম দেয়া, কুশল বিনিময় করা এবং গল্প করা; বাইরে গেলে তাঁদের জন্য কিছু আনতে হবে কিনা জানা; নিয়মিত শারীরিক অবস্থার খোঁজ নেয়া; চিকিৎসার ব্যবস্থা করা; সব সময় মনে রাখা যে বাবা-মা'র বয়স বাড়ার সাথে তাঁরা দ্বিতীয় শৈশবে পদার্পণ করেন অর্থাৎ তাঁরা শিশু হয়ে যান; তাঁদের সাথে নরম সুরে কথা বলা; বিনয়ের সাথে তাঁদের প্রশ্নের জবাব দেয়া; খাবার টেবিলে তাঁদের সাথে খেতে বসা; তাঁদের ঘুমানোর ব্যবস্থা করে ঘুমাতে যাওয়া; তাঁরা আপনার চেয়ে অভিজ্ঞ এ কথা সব সময় মনে রাখা; ছুটির দিনে তাঁদের জন্য সময় রাখা; বেড়াতে নিয়ে যাওয়া; পারিবারিক বিষয়ে তাঁদের কথা আগে শোনা; তাঁদের নিরাপত্তা দেয়া; তাঁদের বৃদ্ধাশ্রমে পাঠানোর কথা ভুলেও চিন্তা না করা; জীবন মৃত্যু উভয়ই সম্মানজনক এ কথা মনে রাখা; মা-বাবা মারা গেলে তাঁদের কৃতজ্ঞচিত্তে স্মরণ রাখা ইত্যাদি। সিনিয়র প্ল্যানার প্রশিক্ষণার্থীদের জানান যে, আমাদের সকলের মা-বাবাএ সমস্ত শুদ্ধাচার মেনেই আমাদের বড় করেছেন। তেমনি বৃদ্ধ বয়সে তাঁদেরকেও এই শুদ্ধাচার গুলো ফেরত দেয়া প্রতিটি সন্তানেরই দায়িত্ব। এই শুদ্ধাচার গুলো অনুসরণ করলে বার্ধক্যেও প্রতিটি কর্মকর্তা-কর্মচারী সন্তানদের যত্নে থাকবেন এটা আশা করা যায়।

(খ) **প্রশিক্ষণার্থীদের মতামত/প্রতিক্রিয়াঃ** প্রশিক্ষণার্থীরা পারিবারিক শিক্ষা বা শিষ্ঠাচার বিষয়ে সম্যক জ্ঞান লাভ করেন।

(গ) **আঞ্চলিক অফিস প্রধানের বক্তব্যঃ** এ ট্রেনিং এর পারিবারিক শুদ্ধাচার বিশেষ করে বাবা-মা'র সাথে আচরণ সম্পর্কে প্রাথমিক ধারনা লাভ করেন।

Shaheen Ahmed
19/05/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট।
ফোন: ০২৯৯-৬৬৩৬৬৩৩, ০২৪১১-০০২৫১

# উপস্থিতি তালিকাঃ

প্রশিক্ষণের বিষয়ঃ  পারিবারিক শুদ্ধাচার বিশেষ করে বাবা-মা'র সাথে আচরণ সম্পর্কিত প্রশিক্ষণ।

সময়ঃ সকাল ৯.৩০ ঘটিকা হতে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত (০৪ ঘন্টা ব্যাপী)

তারিখঃ ১৯/০৫/২০২২খ্রি:

প্রশিক্ষণ প্রদানকারীর নাম ও পদবী: জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার

| ক্র. নং | নাম | পদবী | প্রশিক্ষণার্থীর স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া 19/5/2022 |
| ২। | জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া | রেখাকার | [signature] 19/5/2022 |
| ৩। | জনাব মোঃ রুবেল হোসেন | সার্ভেয়ার | [signature] 19/05/2022 |
| ৪। | জনাব আমির হামজা | খালাসী | আমির |

Shaheen Ahmed
(শাহীন আহম্মেদ) 19/05/2022
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট